# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

নির্বাচনি পরীক্ষা ২০২০ এর সিলেবাস অনুসারে
পাঠ পরিকল্পনা - ০৭

**আলোচ্য বিষয়:**
দৃশ্যমান ও অদৃশ্যমান সম্পদের হিসাব
হিসাববিজ্ঞান প্রথমপত্র
একাদশ ও দ্বাদশ শ্রেণি

**মুহম্মদ জিয়াউর রহমান**
**সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান)**
**বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম**
**০১৬১০-৯৩৫৩৫৬**

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা - ০৭

## হিসাববিজ্ঞান ১মপত্র

## ৮ম অধ্যায়: দৃশ্যমান ও অদৃশ্যমান সম্পদের হিসাব

## ক্লাস- ০১

**সময় : ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- দৃশ্যমান ও অদৃশ্যমান স্থায়ী সম্পদের ধারণা
- দৃশ্যমান ও অদৃশ্যমান স্থায়ী সম্পদের বৈশিষ্ট্য
- দৃশ্যমান ও অদৃশ্যমান স্থায়ী সম্পদের প্রকারভেদ

**শিখনফল** (learning outcome)

- দৃশ্যমান স্থায়ী সম্পদ কী তা বলতে পারবে।
- অদৃশ্যমান স্থায়ী সম্পদ কী তা বলতে পারবে।
- দৃশ্যমান ও অদৃশ্যমান স্থায়ী সম্পদের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।
- দৃশ্যমান ও অদৃশ্যমান স্থায়ী সম্পদের প্রকারভেদ বর্ণনা করতে পারবে।
- দৃশ্যমান ও অদৃশ্যমান স্থায়ী সম্পদের মধ্যে পার্থক্য বর্ণনা করতে পারবে।

**নমুনা প্রশ্ন:**

**সাধারণ বহুনির্বাচনী প্রশ্ন**

প্রশ্ন: মূলধন জাতীয় ব্যয় এর মাধ্যমে কী অর্জিত হয়?
ক) সম্পদ
খ) দায়
গ) ব্যয়
ঘ) মালিকানা স্বত্ব
উত্তর: (ক)

প্রশ্ন: কোনটি দৃশ্যমান স্থায়ী সম্পত্তি?
ক) সুনাম
খ) পেটেন্ট
গ) গ্রন্থস্বত্ব
ঘ) দালানকোঠা
উত্তর: (ঘ)

প্রশ্ন: নিচের কোনটি অলীক সম্পত্তি?
ক) প্রাপ্য হিসাব
খ) বিলম্বিত বিজ্ঞাপন
গ) অগ্রিম খরচ
ঘ) ব্যাংকে নগদ
উত্তর: (খ)

প্রশ্ন: IAS-16 স্থায়ী সম্পদকে কী নামে অভিহিত করা হয়?
ক) Asset and Property
খ) Plant and Machinery
গ) Land and Building
ঘ) Property, Plant and Machinery
উত্তর: (ঘ)

প্রশ্ন: ব্যবসায়ের কোন ধরনের সম্পদের উপর অবচয় ধার্য করা হয়?
ক) চলতি সম্পদ
খ) স্থায়ী সম্পদ
গ) অদৃশ্যমান/ অস্পর্শনীয় সম্পদ
ঘ) কাল্পনিক/অলীক/ভুয়া সম্পদ
উত্তর: (খ)
**বিশেষ নোট**: সাধারণত: দৃশ্যমান স্থায়ী বা স্থাবর সম্পত্তির উপর 'অবচয়', অদৃশ্যমান ও অলীক সম্পত্তির উপর 'অবলোপন' এবং প্রাকৃতিক সম্পদের উপর 'নিঃশেষকরণ' ধার্য করা হয়।
প্রশ্ন: অবলোপন ধার্য করা হয় কোনটির উপর?
ক) ভূমি
খ) দালানকোঠা
গ) যন্ত্রপাতি
ঘ) গ্রন্থস্বত্ব/কপিরাইট
উত্তর: (ঘ)
প্রশ্ন: শূন্যকরণ/নিঃশেষকরণ ধার্য করা হয় কোনটির উপর?
ক) প্রাকৃতিক সম্পদ
খ) দৃশ্যমান স্থায়ী সম্পদ
গ) অদৃশ্যমান স্থায়ী সম্পদ
ঘ) কাল্পনিক/অলীক/ভুয়া সম্পদ
উত্তর: (ক)

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনী প্রশ্ন

প্রশ্ন: স্থায়ী সম্পদ হতে পারে-
i). দৃশ্যমান ও স্পর্শনীয়
ii). অদৃশ্যমান ও অস্পর্শনীয়
iii). অদৃশ্যমান ও অবাস্তব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)

প্রশ্ন: অবচয়যোগ্য স্থায়ী সম্পত্তি হলো-
i). ভূমি
ii). দালানকোঠা
iii). কলকব্জা ও যন্ত্রপাতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (গ)
**বিশেষ নোট**: ভূমি ব্যতীত সকল দৃশ্যমান স্থায়ী সম্পদের উপর অবচয় ধার্য করা হয়। অতএব, ভূমি ব্যতীত সকল দৃশ্যমান স্থায়ী সম্পত্তি অবচয়যোগ্য।

প্রশ্ন: স্থায়ী সম্পদ হলো-
i). ভূমি ও দালানকোঠা
ii). বিনিয়োগ ও ব্যাংক জমা
iii). কলকব্জা ও যন্ত্রপাতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (খ)

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনী প্রশ্ন:

উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:
জনাব পুষ্প ২০,০০,০০০ টাকায় একটি মেশিন আমদানি করেন।তিনি ২,০০,০০০ টাকা শুল্ক ও ডকচার্জ পরিশোধ করেন এবং সংস্থাপন বাবদ ৫০,০০০ টাকা ব্যয় করেন। ৫(পাঁচ) বছর আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ১,০০,০০০ টাকা অনুমান করা হয়।
প্রশ্ন: মেশিনটির মূল্য হিসাবে বইয়ে কত টাকা লেখা হবে?
ক) ১৮,৫০,০০০ টাকা
খ) ২০,০০,০০০ টাকা
গ) ২১,৫০,০০০ টাকা
ঘ) ২২,৫০,০০০ টাকা
উত্তর: (ঘ)
প্রশ্ন: উদ্দীপকে বর্ণিত ডকচার্জ ও শুল্ক কোন ধরনের ব্যয়?
ক) মূলধনায়িত
খ) মুনাফা জাতীয়
গ) মূলধন জাতীয়
ঘ) বিলম্বিত মুনাফা জাতীয়
উত্তর: (গ)

বি: দ্র: প্রিয় শিক্ষার্থী, আলোচ্য বিষয়ের উপর বোর্ড পরীক্ষায় কোন সৃজনশীল প্রশ্ন হয় না। তবে প্রায় প্রতিবছর বহুনির্বাচনি প্রশ্ন থাকে। আমি এখানে শিক্ষাবোর্ডের কয়েকটি বহুনির্বাচনি প্রশ্ন নুমনা হিসাবে দিয়েছি। তোমরা ২০১৭ থেকে ২০১৯ পর্যন্ত সকল শিক্ষাবোর্ডের বহুনির্বাচনি প্রশ্নের উপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

**বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম**
পাঠ পরিকল্পনা - ০৭
হিসাববিজ্ঞান ১মপত্র
৮ম অধ্যায়: দৃশ্যমান ও অদৃশ্যমান সম্পদের হিসাব
ক্লাস- ০২

**সময় : ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**
- স্থায়ী সম্পদ মূল্যায়নের নীতিমালা
- স্থায়ী সম্পদ হিসাবভূক্তকরণ প্রক্রিয়া

**শিখনফল** (learning outcome)
- স্থায়ী সম্পত্তির মূল্যায়নের নীতিমালা কী তা বলতে পারবে।

- স্থায়ী সম্পত্তি মূল্যায়নে ব্যবহৃত /প্রয়োগকৃত হিসাবনীতিমালা গুলো বর্ণনা করতে পারবে ।
- স্থায়ী সম্পদ হিসাবভুক্তকরণ প্রক্রিয়া সম্পর্কে বলতে পারবে।
- হিসাবের বইতে স্থায়ী সম্পদ হিসাবভুক্ত করতে পারবে।

## নমুনা প্রশ্ন:
## সাধারণ বহুনির্বাচনী প্রশ্ন

প্রশ্ন: স্থায়ী সম্পদের মূল্য আনুমানিক আয়ুস্কালের মধ্যে যুক্তিসঙ্গত ভিত্তিতে বন্টন করার পদ্ধতিকে কী বলা হয়?
ক) অবচয়
খ) অবলোপন
গ) নিঃশেষকরণ
ঘ) প্রভিশন
উত্তর: (ক)
প্রশ্ন: হিসাববিজ্ঞানের কোন নীতি অনুসারে স্থায়ী সম্পদ লিপিবদ্ধ করা হয়?
ক) পূর্ণ প্রকাশ
খ) সামঞ্জস্যতার
গ) রক্ষণশীলতা
ঘ) ঐতিহাসিক ব্যয়
উত্তর: (ঘ)
প্রশ্ন: হিসাববিজ্ঞানের কোন নীতি/প্রথা/ধারণা অনুসারে স্থায়ী সম্পদের ক্রয়মূল্য থেকে অবচয় বাদ দিয়ে দেখানো হয় ?
ক) ক্রয়মূল্য নীতি
খ) সামঞ্জস্যতার নীতি
গ) রক্ষণশীলতা প্রথা
ঘ) চলমান প্রতিষ্ঠান ধারণা
উত্তর: (ঘ)
প্রশ্ন: কোন নীতি/প্রথা/ধারণা অনুযায়ী অবচয়কে খরচ হিসেবে গণ্য করা হয় ?
ক) ক্রয়মূল্য নীতি
খ) সামঞ্জস্যতার নীতি
গ) মিলকরণ নীতি
ঘ) চলমান প্রতিষ্ঠান ধারণা
উত্তর: (গ)
প্রশ্ন: মি. আরমান ২,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেন।তিনি মেশিনটির পরিবহন বাবদ ৫,০০০ টাকা ও সংস্থাপন ব্যয় বাবদ ১০,০০০ টাকা ব্যয় নির্বাহ করেন। বার্ষিক মেরামত খরচের পরিমাণ ১২,০০০ টাকা।মি. সুমন মেশিনের ক্রয়মূল্যের সাথে কত টাকা যোগ করবেন?
ক) ৫,০০০ টাকা
খ) ১০,০০০ টাকা
গ) ১৫,০০০ টাকা
ঘ) ২৭,০০০ টাকা
উত্তর: (গ)

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনী প্রশ্ন
প্রশ্ন: স্থায়ী সম্পদের মূল্য নির্ধারণের অনুসৃত নীতিমালা হলো-
i). ঐতিহাসিক মূল্য নীতি
ii). রক্ষনশীলতার সীমাবদ্ধতা
iii). ক্রয়মূল্য নীতি

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (খ)
প্রশ্ন: ভূমির অর্জনমূল্য নির্ধারণে ক্রয়মূল্যের সাথে যোগ করা হয়-
i). রেজিস্ট্রেশন খরচ
ii). উকিলের ফিস
iii). ভূমি দালালের কমিশন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনী প্রশ্ন:

নিচের উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:
জনাব সৌরেন ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ৮০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেন। উক্ত মেশিনের সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা।মেশিনের অবচয়ের হার ১০%।
প্রশ্ন: জনাব সৌরেন কর্তৃক নগদে মেশিন ক্রয় ও সংস্থাপন ব্যয়ের লিপিবদ্ধ করলে-
i). মেশিন হিসাব ডেবিট
ii). সংস্থাপন ব্যয় হিসাব ডেবিট
iii). নগদান হিসাব ক্রেডিট
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (খ)
প্রশ্ন: ২০২০ সালে মেশিনের অবচয় কত টাকা?
ক) ২,০০০ টাকা
খ) ৬,০০০ টাকা
গ) ৮,০০০ টাকা
ঘ) ১০,০০০ টাকা
উত্তর: (ঘ)
নিচের উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:
তাহাসিন একটি মোটর গাড়ি ৫০,০০০ টাকায় ক্রয় করেন। বর্তমানে গাড়িটির ক্রমযোজিত অবচয়ের উদ্‌বৃত্ত ২০,০০০ টাকা। তিনি গাড়িটি ৩৬,০০০ টাকায় বিক্রি করেন।
প্রশ্ন: গাড়ি বিক্রয় জনিত লাভ বা ক্ষতির পরিমাণ কত?
ক)  ক্ষতি ২০,০০০ টাকা
খ)  ক্ষতি ১৪,০০০ টাকা
গ)  লাভ ৬,০০০ টাকা
ঘ)  লাভ ৩৬,০০০ টাকা
উত্তর: (গ)

প্রশ্ন: গাড়িটি বিক্রয়জনিত লাভ বা ক্ষতির জাবেদায় ক্রেডিট হবে-
i). মোটরগাড়ি হিসাব
ii). ক্রমযোজিত অবচয় হিসাব
iii). মোটরগাড়ি বিক্রয়জনিত লাভ হিসাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (খ)

বি: দ্র: (১) প্রিয় শিক্ষার্থী, আলোচ্য বিষয়ের উপর বোর্ড পরীক্ষায় প্রায় প্রতিবছর সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্ন থাকে। তবে মাঝে মাঝে সৃজনশীল প্রশ্ন না থাকলেও বহুনির্বাচনি প্রশ্ন থাকে। আমি এখানে বিভিন্ন শিক্ষাবোর্ডের গুরুত্বপূর্ণ কিছু বহুনির্বাচনি প্রশ্ন নুমনা হিসাবে দিয়েছি। তোমরা ২০১৭ থেকে ২০১৯ পর্যন্ত সকল শিক্ষাবোর্ডের সব বহুনির্বাচনি প্রশ্নের উপর ভালোভাবে প্রস্তুতি নিবে। (২) সৃজনশীল প্রশ্নের নমুনা এখানে দেয়া হয়নি। বিগত ২০১৭ থেকে ২০১৯পর্যন্ত সব শিক্ষা বোর্ডের সৃজনশীল প্রশ্ন গুলো ভালোভাবে অনুশীলন করতে হবে।

**বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম**
পাঠ পরিকল্পনা - ০৭
হিসাববিজ্ঞান ১মপত্র
৮ম অধ্যায়: দৃশ্যমান ও অদৃশ্যমান সম্পদের হিসাব
ক্লাস- ০৩

**সময় : ৪৫ মিনিট**
**আলোচ্য সূচি:**
- অবচয়ের ধারণা
- অবচয় ধার্যের কারণ
- অবচয় ধার্যের বিবেচ্য বিষয় সমূহ
- অবচয় হিসাবভুক্ত করার পদ্ধতি সমূহ

**শিখনফল** (learning outcome)
- অবচয় কী তা বলতে পারবে।
- অবচয় ধার্যের কারণ বর্ণনা করতে পারবে।
- অবচয় ধার্যের বিবেচ্য বিষয় সমূহ বর্ণনা করতে পারবে।
- অবচয় হিসাব করার বিভিন্ন পদ্ধতি সমূহের নাম উল্লেখ করতে পারবে।
- বিভিন্ন পদ্ধতিতে অবচয় নির্ণয় ও হিসাবভুক্ত করতে পারবে।

**নমুনা প্রশ্ন:**
**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**
প্রশ্ন: Depreciation শব্দটি কোন শব্দ হতে উৎপত্তি হয়েছে?
ক) Depretum
খ) Deptium
গ) Depretium
ঘ) Depcitium
উত্তর: (গ)

প্রশ্ন: সাধারণত কোন সম্পদের অবচয় হয় না?
ক) ভূমি
খ) দালানকোঠা
গ) যন্ত্রপাতি
ঘ) মোটরগাড়ি
উত্তর: (ক)
প্রশ্ন: কন্ট্রা সম্পদ কোনটি?
ক) সুনাম
খ) পেটেন্ট
গ) পুঞ্জিভূত অবচয়
ঘ) অফিস সরঞ্জাম
উত্তর: (গ)
প্রশ্ন: 'পুঞ্জিভূত অবচয়'/'ক্রমযোজিত অবচয়" কোন ধরনের হিসাব?
ক) সম্পদ
খ) প্রতি/কন্ট্রা/বিপরীত সম্পদ/সম্পত্তি
গ) দায়
ঘ) মালিকানা স্বত্ব
উত্তর: (খ)
প্রশ্ন: অবচয় কোন ধরনের প্রক্রিয়া?
ক) মূল্যায়ন
খ) ক্রয়মূল্য বন্টন
গ) নগদ জমাকরণ
ঘ) মূল্য বিশ্লেষণ
উত্তর: (খ)
প্রশ্ন: অবচয় কোনটি হ্রাস করে?
ক) দায়
খ) হাতে নগদ
গ) ব্যাংকে নগদ
ঘ) মূলধন
উত্তর: (ঘ)
প্রশ্ন: পুস্তকমূল্য পাওয়া যায়-
ক) ক্রয়মূল্য - মুনাফা
খ) ক্রয়মূল্য - পুঞ্জিভূত অবচয়
গ) ক্রয়মূল্য - ভগ্নাবশেষ মূল্য
ঘ) ক্রয়মূল্য+ সংস্থাপন ব্যয়
উত্তর: (খ)
প্রশ্ন: স্থায়ী সম্পদ পুস্তকমূল্যের অধিক মূল্যে বিক্রি করলে কী হবে?
ক) মুনাফা/লাভ
খ) ক্ষতি
গ) খরচ
ঘ) আয়
উত্তর: (ক)
প্রশ্ন: কোন পদ্ধতিতে প্রতি বছর সমান পরিমাণ অর্থ অবচয় হিসেবে ধার্য করা হয় ?
ক) সরলরৈখিক পদ্ধতি
খ) ক্রমহ্রাসমান জের পদ্ধতি
গ) উৎপাদনের পদ্ধতি
ঘ) বর্ষ সংখ্যা সমষ্টি পদ্ধতি

উত্তর: (ক)

প্রশ্ন: অবচয় ধার্যের ক্ষেত্রে কোন পদ্ধতিতে সর্বাধিক ব্যবহৃত হয়?
ক) সরলরৈখিক পদ্ধতি
খ) পুনঃস্থাপন ব্যয় পদ্ধতি
গ) পুনঃ মূল্যায়ন পদ্ধতি
ঘ) বার্ষিক সমকিস্তি পদ্ধতি
উত্তর: (ক)

প্রশ্ন: সম্পত্তির ভগ্নাবশেষ মূল্য না থাকলে কোন পদ্ধতিতে অবচয় ধার্য করলে আয়ুষ্কাল শেষে সম্পত্তির মূল্য শূন্য হয় না?
ক) সরলরৈখিক পদ্ধতিতে
খ) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে
গ) উৎপাদনে কোন পদ্ধতিতে
ঘ) বর্ষা সংখ্যা সমষ্টি পদ্ধতিতে
উত্তর: (খ)

প্রশ্ন: পূর্ববর্তী বছরের তুলনায় পরবর্তী বছরে অবচয় এর পরিমাণ হ্রাস পায় কোন পদ্ধতিতে?
ক) সরলরৈখিক পদ্ধতিতে
খ) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে
গ) উৎপাদনে কোন পদ্ধতিতে
ঘ) বর্ষা সংখ্যা সমষ্টি পদ্ধতিতে
উত্তর: (খ)

প্রশ্ন: একটি সম্পদের আয়ুষ্কাল ১০ বছর হলে, উক্ত সম্পদের সরলরৈখিক পদ্ধতিতে অবচয়ের হার কত হবে?
ক) ১০%
খ) ১২%
গ) ১২.৫%
ঘ) ১৬%
উত্তর: (ক)

প্রশ্ন: জনাব আদনান কারবারে ব্যবহারের ২০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করেন। বার্ষিক অবচয় ১,০০০ টাকা হলে অবচয়ের হার কত?
ক) ৪%
খ) ৫%
গ) ৮%
ঘ) ১০%
উত্তর: (খ)

প্রশ্ন: একটি যন্ত্রের ক্রয় মূল্য ৩,২০,০০০ টাকা।ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২৫% হারে অবচয় ধার্য করা হলে দুই বছর শেষে সম্পত্তির বইমূল্য কত হবে?
ক) ১,২০,০০০ টাকা
খ) ১,৬০,০০০ টাকা
গ) ১,৮০,০০০ টাকা
ঘ) ২,২৪,০০০ টাকা
উত্তর: (গ)

প্রশ্ন: মেঘনা কোম্পানি একটি মেশিন ৯৫,০০০ টাকায় ক্রয় করে। যার সংস্থাপন দেয় ১০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর হলে সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের কত?
ক) ১০,৫০০ টাকা
খ) ১০,০০০ টাকা
গ) ৯,৫০০ টাকা
ঘ) ৯,০০০ টাকা

উত্তর: (খ)
প্রশ্ন: একজন ব্যবসায়ী ৬০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির পরিবহন ও সংস্থাপন ব্যয় যথাক্রমে ৫,০০০ টাকা ও ৩,০০০ টাকা। বছর শেষে মেশিন এর উপর ১০% হারে অবচয় ধার্য করা হলো। মেশিনটির একটি ত্রুটি দেখা দেওয়ায় ৭২,০০০ টাকায় বিক্রি করা হলো। মুনাফা জাতীয় ব্যয় এর পরিমাণ কত?
ক) ৬,০০০ টাকা
খ) ৬,৫০০ টাকা
গ) ৬,৮০০ টাকা
ঘ) ৮,০০০ টাকা
উত্তর: (গ)

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

প্রশ্ন: আধুনিক হিসাববিজ্ঞানে অবচয় কে বলা হয়-
i). এক ধরনের বন্টন প্রক্রিয়া ও মূলধনের নিঃশেষিত অংশ
ii). সেবা ভোগের বর্তমান মূল্য ও মূলধন সংরক্ষণের জন্য প্রয়োজনীয় সংস্থান
iii). তহবিলের উৎস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)
প্রশ্ন: অবচয় ধার্যের উদ্দেশ্য হলো-
i). ব্যয় বন্টন করা
ii). প্রকৃত লাভ-ক্ষতি নির্ণয়
iii). সঠিক কর দায় নির্ণয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)
প্রশ্ন: অবচয় ধার্যের কারণ-
i). সামঞ্জস্যের নীতি
ii). কর সাশ্রয়
iii). সম্পত্তির প্রতিস্থাপন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (গ)
প্রশ্ন: অবচয় ধার্য করা হয়-
i). স্থায়ী সম্পত্তির ওপর
ii). চলতি সম্পত্তির ওপর
iii). অস্পর্শনীয় সম্পত্তি ওপর

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (খ)
প্রশ্ন: অতিরিক্ত অবচয় ধার্য করা হলে-
i). সম্পত্তি কম দেখানো হয়
ii). মালিকানা স্বত্ব কম দেখানো হয়
iii). আয় বেশি দেখানো হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (ক)
প্রশ্ন: অবচয় নির্ধারণের বিবেচ্য বিষয় হলো-
i). সম্পত্তির মোট ক্রয়মূল্য
ii). সম্পত্তির বাজারমূল্য
iii). সম্পত্তির ভগ্নাবশেষ মূল্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (খ)
প্রশ্ন: স্থির কিস্তি/সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করার ক্ষেত্রে বিবেচনা করা হয় -
i). সম্পত্তির ক্রয়মূল্য
ii). সম্পত্তির পুস্তকমূল্য
iii). সম্পত্তির আনুমানিক ভগ্নাবশেষ মূল্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (খ)
প্রশ্ন: একটি স্থায়ী সম্পত্তির আয়ুষ্কাল ১০বছরের স্থলে ৮ বছর হলে -
i). অবচয়ের হার বেড়ে যাবে
ii). নিট লাভ হ্রাস পাবে
iii). কর দায় বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (ক)

## অভিন্ন তথ্যভিত্তিক বহু নির্বাচনি প্রশ্ন

নিচের উদ্দীপকটি পড় এবং পরবর্তী ৩টি প্রশ্নের উত্তর দাও:
জামশেদ লিমিটেড ১ জানুয়ারি ২০২০ তারিখে ২,০০,০০০ টাকা একটি মেশিন ক্রয় করে। মেশিনের সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা এবং পরিবহন খরচ ১৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর।আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য হবে ২০,০০০ টাকা

প্রশ্ন: মেশিনটির ক্রয়মূল্য কত?
ক) ২,০০,০০০ টাকা
খ) ২,০৫,০০০ টাকা
গ) ২,২৫,০০০ টাকা
ঘ) ২,৪৫,০০০ টাকা
উত্তর: (গ)
**উত্তর সংকেত**: মেশিনের ক্রয়মূল্য
=মেশিনের ক্রয়মূল্য+ সংস্থাপন ব্যয় + পরিবহন খরচ
=২,০০,০০০ টাকা+১০,০০০ টাকা+১৫,০০০ টাকা
=২,২৫,০০০ টাকা।
প্রশ্ন: অবচয় নির্ণয়ের কোন পদ্ধতিতে ভগ্নাবশেষ মূল্য বিবেচনায় আনা হয় না?
ক) সরলরৈখিক পদ্ধতি
খ) ক্রমহ্রাসমান জের পদ্ধতি
গ) উৎপাদন একক পদ্ধতি
ঘ) বর্ষা সংখ্যা সমষ্টি পদ্ধতি
উত্তর: (খ)
প্রশ্ন: সরলরৈখিক পদ্ধতিতে মেশিনটির বার্ষিক অবচয়ের পরিমাণ কত?
ক) ২০,০০০ টাকা
খ) ২০,৫০০ টাকা
গ) ২২,৫০০ টাকা
ঘ) ২৪,৫০০ টাকা
উত্তর: (খ)

নিচের উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:
রফিক এন্টারপ্রাইজ ,২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ১,৯০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয়১০,০০০ টাকা। বার্ষিক ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।
প্রশ্ন: ২০২০ সালের অবচয়ের পরিমাণ  কত?
ক) ১,০০০ টাকা
খ) ১৮,০০০ টাকা
গ) ১৯,০০০ টাকা
ঘ) ২০,০০০ টাকা
উত্তর: (ঘ)
প্রশ্ন: তিন বছর পর মেশিনটির পুস্তকমূল্য কত হবে?
ক) ১,৪০,০০০ টাকা
খ) ১,৪৫,৮০০ টাকা
গ) ১,৮০,০০০ টাকা
ঘ) ২,০০,০০০ টাকা
উত্তর: (খ)

নিচের উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:
একতা লিমিটেডের মেশিন ক্রয়ের তথ্যাবলি ছিল নিম্নরূপ:
১ জানুয়ারি, ২০১৮: ১১,০০,০০০ টাকা
৩০ জুন, ২০১৮: ৭০,০০০ টাকা
৩১ মার্চ, ২০২০: ৯০,০০০ টাকা
২০১৮ সালের জুন ৩০ তারিখে যে মেশিন ক্রয় করা হয়েছিল তা ১ জুলাই ২০১৯ তারিখে ৬০,০০০ টাকায় বিক্রি করা হয়। স্থিরকিস্তি পদ্ধতিতে ১০% অবচয় ধার্য করা হলো।

প্রশ্ন: ৩১ ডিসেম্বর, ২০১৮ তারিখে মোট অবচয়ের পরিমাণ কত হবে?
ক) ৮,৫০০ টাকা
খ) ১০,০০০ টাকা
গ) ১৩,৫০০ টাকা
ঘ) ১৭,০০০ টাকা
উত্তর: (গ)
প্রশ্ন: ১ জুলাই, ২০১৯ তারিখে মেশিন বিক্রয় বাবদ কত টাকা লাভ বা ক্ষতি হয়েছে?
ক) ক্ষতি ১০,০০০ টাকা
খ) ক্ষতি ৩,০০০ টাকা
গ) লাভ ৫০০ টাকা
ঘ) লাভ ৬,৫০০ টাকা
উত্তর: (খ)

উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:
একটি মেশিনের ক্রয়মূল্য ৭৫,০০০ টাকা এবং আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর।
প্রশ্ন: মেশিনটির বর্ষ সংখ্যার সমষ্টি কত?
ক) ৫
খ) ৯
গ) ১৫
ঘ) ২০
উত্তর: (গ)
প্রশ্ন: বর্ষ সংখ্যার সমষ্টি পদ্ধতিতে ৪র্থ বছরের অবচয় কত?
ক) ৫,০০০ টাকা
খ) ১০,০০০ টাকা
গ) ১৫,০০০ টাকা
ঘ) ২০,০০০ টাকা
উত্তর: (খ)

উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:
মৈত্রী লিমিটেড ১এপ্রিল ২০২০ সালে ২,৫০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে এবং বহন খরচ ২৫,০০০ টাকা প্রদান করে। যন্ত্রপাতির আয়ুষ্কাল ৮ বছর এবং যন্ত্রপাতির ভগ্নাবশেষ মূল্য ৩০,০০০ টাকা। প্রতিবছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়।

প্রশ্ন : ২০২০ সালে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের যোগ্য যন্ত্রপাতির মূল্য কত?
ক)১,৯৫,০০০ টাকা
খ) ২,৩০,০০০ টাকা
গ) ২,৩৫,০০০ টাকা
ঘ) ২,৬০,০০০ টাকা
উত্তর: (ঘ)

প্রশ্ন: সরলরৈখিক পদ্ধতিতে ২০২০ সালের যন্ত্রপাতির অবচয় খরচ কত?
ক) ১৯,২১৯ টাকা
খ) ২১,৫৬৩ টাকা
গ) ২২,০৩১ টাকা
ঘ) ২৪,৩৭৫ টাকা
উত্তর: (খ)

বি: দ্র: (১) প্রিয় শিক্ষার্থী, আলোচ্য বিষয়ের উপর বোর্ড পরীক্ষায় প্রায় প্রতিবছর সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্ন থাকে। তবে মাঝে মাঝে সৃজনশীল প্রশ্ন না থাকলেও বহুনির্বাচনি প্রশ্ন থাকে। আমি এখানে বিভিন্ন শিক্ষাবোর্ডের গুরুত্বপূর্ণ কিছু বহুনির্বাচনি প্রশ্ন নুমনা হিসাবে দিয়েছি। তোমরা ২০১৭ থেকে ২০১৯ পর্যন্ত সকল শিক্ষাবোর্ডের সব বহুনির্বাচনি প্রশ্নের উপর ভালোভাবে প্রস্তুতি নিবে। (২) সৃজনশীল প্রশ্নের নমুনা এখানে দেয়া হয়নি। বিগত ২০১৭ থেকে ২০১৯পর্যন্ত সব শিক্ষা বোর্ডের সৃজনশীল প্রশ্ন গুলো ভালোভাবে অনুশীলন করতে হবে।

## বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

পাঠ পরিকল্পনা - ০৭

হিসাববিজ্ঞান ১মপত্র

৮ম অধ্যায়: দৃশ্যমান ও অদৃশ্যমান সম্পদের হিসাব

ক্লাস- ০৪

**সময় : ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- বিভিন্ন প্রকার প্রাকৃতিক সম্পদ ও অদৃশ্যমান সম্পদের ধারণা
- বিভিন্ন প্রকার প্রাকৃতিক সম্পদ ও অদৃশ্যমান সম্পদের মূল্যায়ন পদ্ধতি

**শিখনফল** (learning outcome)

- প্রাকৃতিক সম্পদ  কী তা বলতে পারবে।
- বিভিন্ন প্রাকৃতিক সম্পদ সম্পর্কে বর্ণনা করতে পারবে।
- বিভিন্ন প্রকার প্রাকৃতিক সম্পদ ও অদৃশ্যমান সম্পদ মূল্যায়ন করতে পারবে।

**নমুনা প্রশ্ন:**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: একটি সম্পত্তির মোট ক্রয় মূল্য ও পুঞ্জিভূত অবচয় এর পার্থক্যকে কী বলা হয়?
ক) পুস্তক/বই/বহিমূল্য
খ) প্রকৃত মূল্য
গ) বিক্রয়/বাজার মূল্য
ঘ) ভগ্নাবশেষ মূল্য
উত্তর: (ক)

প্রশ্ন: নিচের কোনটি অস্পর্শনীয় সম্পত্তি?
ক) অগ্রিম বিমা
খ) ট্রেডমার্ক ও পেটেন্ট
গ) খনিজ সম্পদ
ঘ) ভূমি ও দালানকোঠা
উত্তর: (খ)

প্রশ্ন: নিচের কোনটি প্লান্ট সম্পত্তি?
ক) প্রাপ্য হিসাব
খ) প্রাপ্য নোটস
গ) মজুদ পণ্য
ঘ) সরঞ্জাম
উত্তর: (ঘ)

প্রশ্ন: খনিজ সম্পদের অবলোপনের সময় কোন পদ্ধতি প্রযোজ্য?
ক) পুনঃ মূল্যায়ন পদ্ধতি
খ)শূন্যকরণ/নিঃশেষকরণ পদ্ধতি
গ) উৎপাদন একক পদ্ধতি
ঘ) সিংকিং ফান্ড পদ্ধতি
উত্তর: (খ)

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

প্রশ্ন: প্রাকৃতিক সম্পদ হলো-
i). ইজারা সম্পত্তি
ii). কয়লা খনি
iii). প্রাকৃতিক গ্যাস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (গ)

প্রশ্ন : অদৃশ্যমান সম্পদসমূহ -
i). বাস্তব অস্তিত্ব নেই
ii). সেবা সরবরাহ বা আয় উপার্জনে অবদান রাখে
iii). দীর্ঘমেয়াদী স্থায়ী সম্পদ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)

প্রশ্ন: প্রাকৃতিক সম্পদের মূল্য নির্ণয় অন্তর্ভুক্ত হয়-
i). অর্জন ব্যয়
ii). অনুসন্ধান ব্যয়
iii). উন্নয়ন ও পুনঃ নির্মাণ ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)

## অভিন্ন তথ্য ভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন:

নিচের উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:
একটি কয়লা খনিতে ১০,০০,০০,০০০ টন কয়লা উৎপাদন এর জন্য ৫০,০০,০০,০০০ টাকা বিনিয়োগ করা হলো। প্রথম বছর ১৮,০০,০০০ টন কয়লা উত্তোলন করা হলো।

প্রশ্ন: টন প্রতি কয়লা উত্তোলনের ক্ষয়িষ্ণু খরচ কত?
ক) ৪ টাকা
খ) ৫ টাকা
গ) ৬ টাকা
ঘ) ৭ টাকা
উত্তর: (খ)

প্রশ্ন: প্রথম বছরের ক্ষয়িষ্ণু খরচ কত?
ক) ৭০,০০,০০০ টাকা
খ) ৮০,০০,০০০ টাকা
গ) ৯০,০০,০০০ টাকা
ঘ) ১,১০,০০,০০০ টাকা
উত্তর: (গ)

<><><><><><><><><><><><><><>

সুপ্রিয় শিক্ষার্থী,
হিসাববিজ্ঞান প্রথমপত্রের ৮ম অধ্যায় : দৃশ্যমান ও অদৃশ্যমান সম্পদের হিসাব থেকে প্রায় প্রতি বছরই বোর্ড পরীক্ষায় ২/৩টি বহুনির্বাচনি ও ১টি সৃজনশীল প্রশ্ন থাকে। এখানে, আমি বিভিন্ন শিক্ষাবোর্ডের বিগত ৪বছরের প্রশ্নের আলোকে কিছুগুরুত্বপূর্ণ বহুনির্বাচনি নমুনা প্রশ্ন, প্রশ্নগুলির উত্তর এবং ব্যবহারিক সমস্যার ক্ষেত্রে ইংগিত শিরোনামে গণনা করে দিয়েছি। তোমাদের প্রতি নির্দেশ হচ্ছে, এই নমুনা প্রশ্ন ও উত্তরগুলি বারবার চর্চা করবে। অন্তত এই বহুনির্বাচনি প্রশ্নগুলি সব শিখে নিবে।
এই অধ্যায় থেকে পাঠ পরিকল্পনা অংশে কোন সৃজনশীল প্রশ্ন তোমাদের চর্চার জন্য সংযুক্ত করা হয়নি। কারণ এই অধ্যায় থেকে ৫টি নমুনা প্রশ্ন ও নমুনা উত্তর নিয়ে আলাদা একটি লেকচার শিট দেয়া হয়েছে।

ভালো থেকো, ঘরে থেকো, সুস্থ ও নিরাপদে থেকো।
ধন্যবাদ।